

১৩

তারিখ \*\*\* ১৩ ১৩৩ ১৩৩ \*\*\*  
পৃষ্ঠা ১ কলাম ১

NO. 11 2002

**অধ্যক্ষের পদত্যাগ দাবিতে  
চাটখিলে মাদ্রাসায় ছাত্র  
বিক্ষোভ : পরীক্ষা বর্জন**

চাটখিল (নোয়াখালী) প্রতিনিধি

চাটখিল কামিল মাদ্রাসার অধ্যক্ষের পদত্যাগের দাবিতে গতকাল রোববার ছাত্রছাত্রীরা বার্ষিক পরীক্ষা বর্জন করে মাদ্রাসা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করেছে। ছাত্রছাত্রীরা গতকালের অনুষ্ঠেয় বার্ষিক পরীক্ষা বর্জন করে অধ্যক্ষ ও শিক্ষকদের কক্ষে তালা ঝুলিয়ে দেয়। ছাত্রছাত্রীরা অধ্যক্ষ মাওলানা মনির হোসেনের বিরুদ্ধে অদক্ষতা, খেচ্ছাচারিতাসহ বিভিন্ন দুর্নীতির অভিযোগ এনে ব্যবস্থাপনা কমিটির কাছে অভিযোগ করলেও কর্তৃপক্ষ এ ব্যাপারে কোন পদক্ষেপ না নেয়ার গতকাল তারা পরীক্ষা বর্জন করে হল থেকে বের হয়ে আসে এবং অফিস কক্ষে তালা ঝুলিয়ে দেয়। খবর পেয়ে থানা পুলিশ ঘটনাস্থলে এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।